মিটিং মিনিটস্

অদ্য ০৬/০৭/২০১৭ ইং রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় ত্রিশাল ট্রেনিং সেন্টারে সংস্থার নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে মাসিক মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং এ যে সকল বিষয়ে আলোচনা করা হয় এবং যে সকল বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় তা ক্রমানুসারে নিম্নে উল্লেখ করা হলো ।

- মাসিক ও বাৎসরিক লক্ষ্যমাত্র ও অর্জন নিয়ে আলোচনা ঃ ডি.ডি.(এম.এফ.) মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে মাসিক মিটিং এর কাজ শুরু করেন। মিটিং এর শুরুতে PowerPoint Presentation মাধ্যমে মাসিক ও বাৎসরিক লক্ষ্যমাত্র ও অর্জন উপস্থাপন করেন। সকল ক্ষেত্রে মাসিক ও বাৎসরিক লক্ষ্যমাত্র ও অর্জন সন্তোষজনক হওয়ায় ডি.ডি(এম.এফ) মহোদয় সকলকে আবার ও ধন্যবাদ জানান। তবে বিগত অর্থবছরে বকেয়া বৃদ্ধি পাওয়ায় দুঃখ প্রকাশ করেন। বকেয়া যাতে বৃদ্ধি না পায় সেই ব্যাপারে ব্রাঞ্চ ম্যানেজার ও এরিয়া ম্যানেজারদের অরো সতর্কতা অবলম্বন করা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার ব্যাপারে পরামর্শ প্রদান করেন। আগামী অর্থ বছরের লক্ষ্যমাত্রা যেন যথাযত ভাবে অর্জন করতে পারে সে জন্য সকলকে সঠিক ভাবে কাজ করার জন্য পরামর্শ প্রদান করেন।
- কর্মীমূল্যায়ন ফরম পূরন সম্পর্কে আলোচনা ঃ কর্মীমূল্যায়ন ফরম যাতে সঠিক ভাবে পূরন করা হয় সে ব্যাপারে ডি.ডি(এম.এফ) মহোদয় বিস্তারিত আলোচনা করেন। সকলকে সঠিক ভাবে যেন মূল্যায়ন করা হয় সে ব্যাপারে ও আলোচনা করেন। কারো প্রতি যেন কোন প্রকার সজনপ্রীতি না করা হয় এবং কাউকে যেন হিংসাতক্ব ভাবে অবমূল্যায়ন না করা হয় সে ব্যাপারেও আলোচনা করা হয়।
- টার্গেট প্লান ফরমেট সম্পর্কে আলোচনা করা হয় ঃ আগামী ২০১৭-১৮ অর্থ বছরের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারন ও তা কি ভাবে বাস্তবায়ন করা যাবে সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন ডি.ডি(এম.এফ) মহোদয়। আগামী ২০১৭-১৮ অর্থ বছরের জন্য এমন লক্ষ্যমাত্রা নির্ধারিন করার পরামর্শ প্রদান করেন যা বাস্তব সম্মত এবং লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব।
- ডি.পি.এস. সম্পর্কে আলোচনা ঃ যে সকল ডিপিএস তিন মাসের বেশী সময় ধরে খেলাপী সে সকল ডিপিএস হিসাব বন্ধ করে, সে টাকা সাধারন সঞ্চয়ে জমা করার জন্য আবারো নির্দেশ প্রদান করা হয়। কোন অবস্থাতেই তিন মাসের অধিক সময় ধরে খেলাপি ডিপিএস রাখা যাবে না।
- অফিসিয়াল রেজিষ্টার সম্পর্কে আলোচনা ঃ অনেক সময় দেখাযায় অফিসিয়াল কাজে ব্যাবহৃত রেজিষ্টার সমূহ দীর্ঘদিন যাবত ব্যাবহার করা হচ্ছে। তাই অফিসিয়াল কাজে ব্যাবহৃত সকল রেজিষ্টার সমূহ একক অর্থ বছরে ব্যাবহার করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। নতুন অর্থবছরের শুরুতে নতুন রেজিষ্টার ব্যাবহারের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
- সাপ্তাহিক রিপোর্ট প্রেরণ ঃ এরিয়া ভিত্তিক সাপ্তাহিক রিপোর্ট সমূহ প্রত্যেক সপ্তাহে রবিবারের মধ্যে "স্বপ্ন কুটির" অফিসে পৌছানোর ব্যাপারে ডি.ডি(এম.এফ) মহোদয় আলোচনা করেন এবং সিদ্ধান্ত গৃহীত হয়।
- ই.ডি.ও দের রেইনকোট বিতরন ঃ এরিয়া ভিত্তিক ই.ডি.ও. দের রেইনকোট এর চাহিদা দেওয়ার জন্য বলা হয়, এই চাহিদা অনুযায়ী ই.ডি.ও. দের মধ্যে রেইনকোট বিতরন করা হবে।
- অফিসিয়াল পুরাতন ডকুমেন্ট সংরক্ষনের বিষয়ে আলোচনা ঃ অনেক সময় অফিসিয়াল পুরাতন ডুকুমেন্ট সমূহ যেমন বিভিন্ন পুরাতন রেজিষ্টার, পুরাতন ঋণচুক্তিপত্র, পুরাতন সদস্য ভর্তি ফরম, ইত্যাদি সঠিক ভাবে সংরক্ষন করা হয়না। পুরাতন ডকুমেন্ট খুজা হলে তা সহজে পাওয়া যায়না। পুরাতন ডকুমেন্ট সমূহ বছর ভিত্তিক বান্ডেল করে সংরক্ষন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। এ ছাড়া কমপক্ষে দুই বছরের ডকুমেন্ট সমূহ এমন স্থানে রাখতে হবে যেন সহজেই খুজে পাওয়া যায়।
- সমিতি পর্যায়ের সক্রিয় কমিটি গঠন নিয়ে আলোচনা ঃ অনেক সময় সমিতি পরিদর্শন কালে দেখা যায় যে সমিতিতে পরিচালনা কমিটি কোন প্রকার কার্যকারী ভূমিকা রাখেনা, সমিতির কার্যক্রমে সক্রিয় ভাবে অংশগ্রহন করে না। যে সকল সমিতিতে এমন কমিটি আছে সে সকল সমিতিতে নতুন করে সক্রিয় ও দায়িত্বশীল কমিটি গঠনের জন্য পরামর্শ প্রদান করা হয়।

➢ রাইটঅফ কালেকশন সীট নিয়ে আলোচনা ঃ অনেক শাখায় রাইটঅফকৃত সদস্যদের কালেকশনসীট পাওয়া যায়নি। তাই যে সকল শাখায় রাইটকৃত সদস্যদের কালেকশনসীট নাই, সেই সকল শাখায় সি.ও. ভিত্তিক রাইটঅফ কালেকশনসীট তৈরী করার জন্য পরামর্শ প্রদান করা হয়।

➢ বকেয়া আদায় নিয়ে আলোচনা ঃ ডি.ডি.(এডমিন) মহোদয় বিগত অর্থবছরের সকল বিষয়ে অর্জন নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সকলকে ধন্যবাদ জানান। পাশাপাশি বকেয়া বৃদ্ধির কারনে শংকা প্রকাশ করেন। বকেয়া যাতে বৃদ্ধি না পায় সেই ব্যাপারে ব্রাঞ্চ ম্যনেজার ও এরিয়া ম্যনেজারদের আরো সতর্কতা অবলম্বন করা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার ব্যাপারে পরামর্শ প্রদান করেন। এরিয়া ভিত্তিক বকেয়া আদায়ের টিম গঠন করে বকেয়া আদায় করার পরামর্শ প্রদান করেন।

➢ অটোমেশনের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ অটো মিশনের অগ্রগতি শম্পর্কে ডি.ডি(আই.টি) মহোদয় বিস্তারিত আলোচনা করেন। এই বিষয়ে তিনি আরো আলোচনা করেন যে সকল শাখায় ম্যানুয়াল রিপোর্টের সাথে কম্পিউটার রিপোটের ক্রসচেক দেওয়া হয়না, সে সকল শাখায় নিয়মিত ম্যানুয়াল রিপোর্টের সাথে কম্পিউটার রিপোটের ক্রসচেক দেওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া কোন প্রকার ভুল ত্রুটি হলে, অনেক শাখায় গোপন করার প্রবনতা আছে। ভুল ত্রুটি সমূহ গোপন না করে তা সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে সমাধান করার পরামর্শ প্রদান করেন। এবং সকল বিষয়ে উর্ধ্বতদের সাথে যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন।

➢ অডিট ফাইনডিংস নিয়ে আলোচনা ঃ অডিট চলাকালিন সময়ে প্রাপ্ত ফাইনডিংস নিয়ে স্তিরিত আলোচনা করেন সিনিয়র অডিট অফিসার এন্ড আই.টি ম্যনেজার মহোদয়। তিনি আরো আলোচনা করেন যে, শাখা পর্যায়ে আগের তুলনায় এখন অনেক কম ভুল ত্রুটি ও অনিয়ম পাওয়া যায়। ভুল ত্রুটি ও অনিয়ম কম পাওয়া কারনে ম্যনেজারদের ধন্যবাদ জানান এবং এই ধারাবাহিকতা ধরে রাখার ব্যাপারে আশা প্রকাশ করেন। এছাড়া শাখা পর্যায়ে প্রাপ্ত কিছু কিছু সমস্যার সমাধান নিয়ে বিস্থারিত আলোচনা করেন এবং কোন পদ্ধতিতে কাজ করলে আরো ভালভাবে কাজ সম্পন্ন করা যাবে সে বিষয়েও বিস্থারিত আলোচনা করেন।

➢ মনিটরিং অফিসারদের প্রাপ্ত ভূল ত্রুটি ও অনিয়ম নিয়ে আলোচনা ঃ মনিটরিং অফিসারগন শাখা পর্যায়ে প্রাপ্ত ভূলত্রুটি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। কয়েক জন সি.ও. কতৃক আর্থিক অনিয়ম ব্যাতিত সার্বিক কার্যক্রম আগের তুলনায় অনেক ভাল। এছাড়া শাখা পর্যায়ে প্রাপ্ত কিছু কিছু সমস্যার সমাধান নিয়ে বিস্থারিত আলোচনা করেন এবং কোন পদ্ধতিতে কাজ করলে আরো ভালভাবে কাজ সম্পন্ন করা যাবে সে বিষয়েও বিস্থারিত আলোচনা করেন। এছাড়াও উক্ত মিটিংএ ডিপিএস অফিসারগন তাদের বক্তব্য পেশ করেন।

➢ নির্বাহী পরিচালক মহোদয়ের বক্তব্য ঃ আগামী ২০১৭-২০১৮ ইং অর্থ বছরের মধ্যে ১২ টি নতুন শাখা নেওয়ার ব্যাপারে সংস্থার নির্বাহী পরিচালক মহোদয় আশাবাদ ব্যক্ত করেন এবং শাখায় চলতি ঋণ ও ঋনী সদস্য বৃদ্ধির ব্যাপারে শাখা ব্যবস্থাপক গন কে পরামর্শ প্রদান করেন। এছাড়াও একজন শাখা ব্যবস্থাপক কিভাবে সি.ও. দেরকে পরিচালিত করবে, তাদেরকে দায়িত্ব ভাগ করে দিয়ে এবং তাদের দ্বারা কিভাবে লক্ষ্যমাত্রা নির্নয় ও অর্জন করা যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন ও পরামর্শ প্রদান করেন।

➢ বিবিধ আলোচনা ঃ উপরোক্ত আলোচনা ছাড়াও শাখা পর্যায়ে ম্যাচ পরিচালনা সংক্রান্ত, শাখা পর্যায়ে কাজের গুনগত মান বৃদ্ধি, দৈনন্দিন কাজের জবাবদিহিতা নিশ্চিত করন সহ সংস্থার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

সর্বশেষ সভাপতি সাহেব সকলের সুস্বাস্থ্য ও সংস্থার কর্মসূচীর সমৃদ্ধি কামনা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ধন্যবাদান্তে

লায়ন আলহাজ্ব মো ঃ আবদুর রশিদ
নির্বাহী পরিচালক
আসপাডা পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশন